স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৬ ও জুন, ২০১৭

বাংলা (Bengali)

ঐচ্ছিক পাঠক্রম (Elective)

প্রথম পত্র (1st Paper : **Sahitya O Sanskritir Itihas**)

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) শ্রীকৃষ্ণকীর্তনের রচয়িতা কে ? পদাবলির চণ্ডীদাসের সঙ্গে তার ভিন্নতার প্রমাণ কী ? শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের ভাব ও ভাষাগত বৈশিষ্ট্য আলোচনা করুন।

(খ) কাশীরাম দাসের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে, তাঁর মহাভারতের বৈশিষ্ট্য ও গুরুত্ব নির্ণয় করুন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(গ) ধর্মমঙ্গলকে রাঢ় অঞ্চলের জাতীয় মহাকাব্য কেন বলা হয় ? ধর্মমঙ্গলের একজন গুরুত্বপূর্ণ কবির কাব্য প্রতিভার পরিচয় দিন।

(ঘ) পদকর্তা গোবিন্দদাস অথবা বলরাম দাসের অবদান বিশ্লেষণ করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) বাংলা গদ্যচর্চায় উইলিয়াম কেরীর অবদান বিশ্লেষণ করুন।

(খ) প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্রের গুরুত্ব আলোচনা করুন।

(গ) বাংলা নাটকে দ্বিজেন্দ্রলাল রায়ের গুরুত্ব বিশ্লেষণ করুন।

(ঘ) রবীন্দ্রনাথের 'সোনার তরী' পর্বের বিবরণ দিয়ে, এ পর্বের অসামান্যতার পরিচয় দিন।

(ঙ) বাংলা উপন্যাসে শরৎচন্দ্রের অবদান বিশ্লেষণ করুন।

(চ) রবীন্দ্রোত্তর বাংলা কবিতায় প্রেমেন্দ্র মিত্র অথবা বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্বের আলোচনা করুন।

৩। যে-কোনো **চারটি** প্রসঙ্গে সংক্ষিপ্ত আলোচনা করুন (অনধিক ১০০ শব্দে) ঃ ৬ × ৪ = ২৪

(ক) প্রাকৃত পৈঙ্গল

(খ) গীতগোবিন্দম্

(গ) লোর চন্দ্রানী

(ঘ) রামপ্রসাদ সেন

(ঙ) দাশরথি রায়

(চ) হাজার চুরাশীর মা

(ছ) লালন সাঁই

(জ) রূপসী বাংলা।